

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪২৬/০৭ জানুয়ারি ২০২০

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৯.১৭—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব আখতার হোসেন ভূইয়া বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অবিস্থিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন।

১। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব আখতার হোসেন ভূইয়া-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৬৩৫ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : 
$$\frac{১৫ পৌষ ১৪২৬}{৩০ ডিসেম্বর ২০১৯}$$

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব আখতার হোসেন ভূইয়া বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করছেন। বর্ণাদ্য কর্মজীবনের শুরুতে তিনি মাঠপ্রশাসনের বিভিন্ন পদে কর্মরত ছিলেন। এছাড়া তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ গুরুত্বপূর্ণ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ছিলেন।

জনাব আখতার হোসেন ভূইয়া ২০১৭ সালে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব পদে নিযুক্ত হন এবং অদ্যাবধি উক্ত পদে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

জনাব আখতার হোসেন ভূইয়া প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কার্যক্রমে গুণগত পরিবর্তন আনয়নে উদ্যোগী ভূমিকা রেখেছেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব আখতার হোসেন ভূইয়া-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

---

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)